THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

৬ আগস্ট ২০২৫

এফবিসিসিআই/টিএফ/১২২/২০২৫/১২১৬

প্রাপক

১। সভাপতি, সকল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।
২। সভাপতি/চেয়ারম্যান, সকল খাতভিত্তিক এসোসিয়েশন।
৩। সভাপতি/সাধারণ সম্পাদক, সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন।
৪। সভাপতি/সাধারণ সম্পাদক, আমদানি ও রপ্তানিকারক গ্রুপ, সকল স্থল বন্দর ও স্থল শুল্ক ষ্টেশন।

**বিষয়ঃ কাস্টমস ও ভ্যাট বিভাগ এবং কর বিভাগের কর্মচারীবৃন্দের কর্মবিরতি পালনের কারণে অর্থনৈতিক ক্ষয়-ক্ষতির তথ্য প্রেরণ।**

সূত্রঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর পত্র নং-০৮.০০.০০০০.০০০.০২৬.০১.০০০২.২৫-২৫, তাং- ৬ আগস্ট ২০২৫

মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত মে-জুন, ২০২৫ মাসে 'রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশ, ২০২৫' বাতিলের দাবিতে কাস্টমস ও ভ্যাট বিভাগ এবং আয়কর বিভাগের কর্মচারীবৃন্দ কর্মবিরতি ও শাটডাউনের ফলে শিল্প, বিনিয়োগ, ব্যবসা-বাণিজ্য, বন্দর, আমদানি-রপ্তানি, উৎপাদন, সেবা খাত, লজিস্টিক ও সাপ্লাই চেইন কার্যক্রম বিঘ্নিত হয়। বিশেষ করে আমদানিকারকগণ শিল্পের কাঁচামাল ও উপকরণ এবং তৈরী পণ্য বন্দর থেকে খালাস করতে পারেনি এবং রপ্তানিকারকগণ সময়মত রপ্তানি করতে পারেনি। অন্যদিকে সরকারের রাজস্ব আহরণ কার্যক্রম ক্ষতিগ্রস্থ হয়।

এ প্রেক্ষাপটে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ অর্থনৈতিক ক্ষয়-ক্ষতি ও রাজস্ব ক্ষতি নিরূপণের উদ্যোগ গ্রহণ করেছে। ইতিমধ্যে গঠিত একটি কমিটি কাজ শুরু করেছে। উক্ত কমিটির কার্যক্রম বেগবান, অর্থবহ ও সফল করতে দেশের সকল বাণিজ্য সংগঠনের নিকট সক্রিয় সহযোগীতা কামনা করা হচ্ছে।

নিম্নোক্ত ছক অনুযায়ী অর্থনৈতিক ক্ষয়-ক্ষতির পরিমান সম্পর্কিত তথ্য (ইমেইলঃ redwan@ird.gov.bd & parvez.fbcci@gmail.com) প্রদানের জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

| ক্রম | বাণিজ্য সংগঠনের নাম | ব্যবসার ধরণ (আমদানিকারক/রপ্তানিকারক/ ট্রেডিং/সেবা খাত/অন্যান্য) | ক্ষয়-ক্ষতির ধরণ/বিবরণ | আর্থিক ক্ষয়-ক্ষতির পরিমান (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্রের কপি এতদসংগে সংযুক্ত করা হলো।**

ধন্যবাদান্তে,

০৬/০৮/২০২৫

মোঃ আলমগীর

মহাসচিব

সংযুক্তিঃ বর্ণনামতে।

FBCCI ICON
60 Motijheel C/A
Dhaka-1000, Bangladesh

Phone : +88-02-223381470, 223350002
PABX : +88-02-223381233, 223380103
Fax : +88-02-223355902

E-mail : secretariat@fbcci.org
web : fbcci.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০০০.০২৬.০১.০০০২.২৫-২৫

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩২
০৬ আগস্ট ২০২৫

**বিষয় : কাস্টমস ও ভ্যাট বিভাগ এবং কর বিভাগের কর্মচারীবৃন্দের শাটডাউন কর্মসূচি পালনের কারণে অর্থনৈতিক ক্ষয়-ক্ষতির তথ্য প্রেরণ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কাস্টমস ও ভ্যাট বিভাগ এবং কর বিভাগের কর্মচারীবৃন্দের শাটডাউন কর্মসূচি পালনের কারণে অর্থনৈতিক ক্ষয়-ক্ষতির পরিমাণ নিরূপণের লক্ষ্যে গঠিত কমিটির ২য় সভা গত ০৪ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত ছক মোতাবেক আর্থিক ক্ষতির তথ্য সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | বাণিজ্য সংগঠনের নাম | ব্যবসার ধরণ (আমদানিকারক/রপ্তানিকারক/ ট্রেডিং/সেবা খাত/অন্যান্য) | ক্ষয়-ক্ষতির ধরন/বিবরণ | আর্থিক ক্ষয়-ক্ষতির পরিমাণ (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |

০২। এমতাবস্থায়, উপরোক্ত ছক মোতাবেক আর্থিক ক্ষতির তথ্য আগামী ২১ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : সভার কার্যবিবরণী ০২ (দুই) পাতা।

০৬.০৮.২৫

( সৈয়দ রবিউল ইসলাম )
যুগ্মসচিব
সেল ফোন-০১৯১২-৬৬২৯২৬

সভাপতি
ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)

**(দৃষ্টি আকর্ষণ : জনাব শাহ্ মোঃ আব্দুল খালেক, সিনিয়র অতিরিক্ত মহাসচিব)**